


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



৩০/০৬/১৪২৬বঙ্গাব্দ

তারিখ: ১৫/১০/২০১৯খ্রিস্টাব্দ

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২২১.২০১৮/২৪৭৭/৪

বিষয়: ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন সদ্য জাতীয়করণকৃত মাহ্‌তাব উদ্দিন ডিগ্রি কলেজের সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ (ড. মোঃ মাহাবুবুর রহমান)- এর মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ১০৩২/২০১৬ এর রায় ও আদেশ অনুসারে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক পুনর্বহাল।

সূত্র: (ক) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭০.৯৩.০০১.১৯.২২০; তারিখ: ৩১/০৭/২০১৯খ্রি.

(খ) মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২২১.২০১৮; তারিখ: ০৭/০৮/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সুপারিশ এবং মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ১০৩২/২০১৬ এর রায় ও আদেশ, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের ভিত্তিতে শিক্ষা মন্ত্রণালয়ের সূত্র (ক) পত্র মোতাবেক ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন সদ্য জাতীয়করণকৃত মাহ্‌তাব উদ্দিন ডিগ্রি কলেজের সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ ড. মোঃ মাহাবুবুর রহমানকে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরিতে পুনর্বহাল করার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন সদ্য জাতীয়করণকৃত মাহ্‌তাব উদ্দিন ডিগ্রি কলেজের সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ ড. মোঃ মাহাবুবুর রহমানকে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরিতে পুনর্বহাল করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ কে পত্র প্রেরণ করা হয়। এছাড়া ড. মোঃ মাহাবুবুর রহমান, অধ্যক্ষ এর নিকট অবিলম্বে দায়িত্ব হস্তান্তর করার জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষকে পত্র দেয়া হয়। কিন্তু উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ কর্তৃক যোগদান পত্র গৃহীত হলেও ড. মোঃ মাহাবুবুর রহমান, অধ্যক্ষ এর নিকট ভারপ্রাপ্ত অধ্যক্ষ দায়িত্ব হস্তান্তর করেননি মর্মে ড. মোঃ মাহাবুবুর রহমান, অধ্যক্ষ পত্র প্রেরণ করেছেন।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয় ও মাউশির আদেশ প্রতিপালন না করায় জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১৮.১ (গ) ধারা মোতাবেক কেন তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষর 15.10.19

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মাহ্‌তাব উদ্দিন ডিগ্রি কলেজ (জাতীয়করণকৃত)

কালীগঞ্জ, ঝিনাইদহ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ।
- ২। ড. মোঃ মাহাবুবুর রহমান, অধ্যক্ষ, মাহ্‌তাব উদ্দিন ডিগ্রি কলেজ (জাতীয়করণকৃত), কালীগঞ্জ, ঝিনাইদহ।
- ৩। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
- ৪। সংরক্ষণ নথি।